

## ■ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | (غَافِرُ الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৩৩

### ■ আরবি মূল আয়াত:

يَوْمَ تُولُونَ مُدْبِرِينَ مَا لَكُمْ مِّنَ اللَّهِ مِنْ عَاصِمٍ وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ

مِنْ هَادِ { ৩৩ }

### A | ✎ অনুবাদসমূহ:

‘যেদিন তোমরা পিছনে পালাতে চাইবে আল্লাহর থেকে তোমাদেরকে রক্ষা করার জন্য কেউ থাকবে না; আর আল্লাহ যাকে বিভ্রান্ত করেন তার জন্য কোন হিদায়াতকারী নেই’। — আল-বায়ান

যেদিন তোমরা পিছন ফিরে পালিয়ে যাবে। কিন্তু আল্লাহ (র কজা) থেকে তোমাদের রক্ষাকারী কেউ হবে না, আর আল্লাহ যাকে বিপথগামী করেন, তার জন্য কোন পথপ্রদর্শনকারী নেই। — তাইসিরুল্ল

যেদিন তোমরা পশ্চাত ফিরে পলায়ন করতে চাবে, আল্লাহর শাস্তি হতে তোমাদেরকে রক্ষা করার কেহ থাকবেনা। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথ প্রদর্শক নেই। — মুজিবুর রহমান

The Day you will turn your backs fleeing; there is not for you from Allah any protector. And whoever Allah leaves astray - there is not for him any guide.  
— Sahih International

৩৩. যেদিন তোমরা পিছনে ফিরে পালাতে চাইবে, আল্লাহর শাস্তি হতে তোমাদেরকে রক্ষা করার কেউ থাকবে না। আর আল্লাহ যাকে বিভ্রান্ত করেন তার জন্য কোন হেদায়াতকারী নেই।

-

তাফসীরে জাকারিয়া

(৩৩) যেদিন তোমরা পশ্চাত ফিরে পলায়ন করতে চাইবে;[1] আল্লাহর (শাস্তি) হতে তোমাদের রক্ষাকারী কেউ থাকবে না। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তার জন্য কোন পথপ্রদর্শক নেই।'[2]

[1] অর্থাৎ, হাশরের ময়দান থেকে জাহানামের দিকে যাবে অথবা হিসাবের পর সেখান থেকে পালাতে চাইবে।

[2] যে তাকে হিদায়াতের পথ বলে দিতে পারবে, অর্থাৎ, তার উপর পরিচালিত করতে পারবে।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4166>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন